

bdnews24.com

Bangladesh's First Online Newspaper

এখন ব্র্যাকের পেছনেও ঢাবি

সুলাইমান নিলয়

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

ঢাকা, জুলাই ২৯ (বিডিনিউজ টেক্যুনিফোর ডটকম)- অনলাইন প্রকাশনায় বিশ্বে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবস্থান ৫,৫৩১ তম স্থানে। এমনকি 'এশিয়ার শীর্ষ-১০০ বিশ্ববিদ্যালয়'-এর তালিকায়ও জায়গা করে নিতে পারেনি প্রাচের অক্সফোর্ড হিসেবে পরিচিত এই বিশ্ববিদ্যালয়। দক্ষিণ এশিয়ায় এর অবস্থান ৭৬।

স্পেনের সবচেয়ে বড় পাবলিক গবেষণা সংস্থা 'কলসেজো সুপেরিয়র ডি ইলভেস্টিসিওন সিয়েন্টিফিকাস'র এক গবেষণায় এ টিপ্প ফুটে উঠেছে। গত ১০ জুলাই এই গবেষণা প্রতিবেদনটি প্রকাশিত হয়।

প্রতিবছর জানুয়ারী ও জুলাই মাসে এ প্রতিবেদন প্রকাশ করা হয়ে থাকে।

বিশ্বের ২০ হাজার বিশ্ববিদ্যালয়ের মধ্য থেকে বাছাই করে ১২ হাজার বিশ্ববিদ্যালয়ের একটি তালিকা প্রকাশ করে এই গবেষণা সংস্থাটি। রংয়াংক নির্ধারণে অনলাইনে প্রকাশিত বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক প্রকাশনার পাশাপাশি শিক্ষকদের ব্যক্তিগত প্রকাশনাকেও বিবেচনা করা হয়।

রংয়াংকিংয়ে বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে শীর্ষে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বুয়েট)।

দ্বিতীয় অবস্থানে ব্র্যাক বিশ্ববিদ্যালয়। আর ঢাকা বিশ্ববিদ্যালয় রয়েছে তৃতীয় অবস্থানে।

গোটা বিশ্বে বুয়েট ২,৯১৬ তম স্থানে এবং ব্র্যাক বিশ্ববিদ্যালয় ৪,৫৭৭ তম স্থানে রয়েছে।

এ বিষয়ে যোগাযোগ করা হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আ আ ম আরেফিন সিন্দিক বিডিনিউজ টেক্যুনিফোর ডটকমকে বলেন, "বর্তমানেও ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রচুর কাজ হয়। নানা সীমাবদ্ধতার কারণে এর অধিকাংশই অনলাইনে যায় না। ফলে অনলাইনের সঙ্গে বাস্তবের একটি ব্যবধান তৈরি হয়েছে। আমরা এ ব্যবধান করাতে কাজ করে যাচ্ছি।"

তিনি আরো বলেন, সময়ের সাথে প্রযুক্তি ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের জন্য সুলভ হয়ে উঠেছে।

বর্তমানে লাইব্রেরিকে ডিজিটাইজ করার কাজ চলছে। সাংপ্রতিককালে টিএসিসিহ বিশ্ববিদ্যালয়ের বেশ কয়েকটি স্থানকে তারবিহীন ইন্টারনেটের আওতায় আনা হয়েছে। শিগগিরই এটা পুরো বিশ্ববিদ্যালয়ে বি-তৃত করা হবে। এ সবের মাধ্যমে অনলাইনে প্রকাশনার সংখ্যা প্রতিনিয়তই বাড়ছে।

বিশ্বের সামগ্রিক তালিকায় 'শীর্ষ ৫'এ স্থান করে নিয়েছে প্রযুক্তির পাঁচটি বিশ্ববিদ্যালয়। এগুলো হচ্ছে- হার্ভার্ড ইউনিভার্সিটি, ম্যাচাচুসেটস ইনসিটিউট অব টেকনোলজি, স্ট্যালফোর্ড ইউনিভার্সিটি, ইউনিভার্সিটি অব ক্যালিফোর্নিয়া বার্কলে, করনেল ইউনিভার্সিটি।

দক্ষিণ এশিয়ার 'শীর্ষ ১০০ বিশ্ববিদ্যালয়' এর মধ্যে বাংলাদেশের রয়েছে ৬টি। এগুলো হচ্ছে- বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (২৩), ব্র্যাক বিশ্ববিদ্যালয় (৫৬), ঢাকা বিশ্ববিদ্যালয় (৭৬), আমেরিকান ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশ (৮৭), ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (৯৫), ডেকোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (৯৯)।

দক্ষিণ এশিয়ার শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে ৭২টিই ভারতের। এছাড়া পাকিস্তানের ১৪টি, শ্রীলঙ্কার ৭টি এবং নেপালের ১টি বিশ্ববিদ্যালয় রয়েছে।

তবে এশিয়ার শীর্ষ ১০০ বিশ্ববিদ্যালয়ের তালিকায় বাংলাদেশের কোনো বিশ্ববিদ্যালয় নেই।

তালিকায় জাম্যা করে নেওয়া অপর বাংলাদেশী বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে- আমেরিকান ইন্টারন্যাশনাল বিশ্ববিদ্যালয় বাংলাদেশ (৫৪৮২ তম স্থান), ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (৬২১০), ডেকোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি (৬৩৫৯), ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (৬৪৬০), নর্থ সাউথ ইউনিভার্সিটি বাংলাদেশ (৭০৭৮), রাজশাহী বিশ্ববিদ্যালয় (৭১৯৬), ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (৮৭৫৯), জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় (৮৭৮৯), শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (৯৪০৯), আহসান উল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (১০২০৩), ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অব বিজনেস আর্ট টেকনোলজি (১০৪৭৪), নেয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (১০৫০৩), ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক বাংলাদেশ (১০৫১৮), চট্টগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (১০৬৪৭), এশিয়ান ইউনিভার্সিটি ফর উইমেন (১০৬৬৭), ইন্টারন্যাশনাল ইসলামিক বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম (১১০৪৩), বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (১১১৪২), ঢাকা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (১১২৩৫), খুলনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (১১৪২২) এবং জাতীয় বিশ্ববিদ্যালয় (১১৬৪৩)।

বিডিলিউজ টোয়েন্টিফোর ডটকম/প্রতিনিধি/এইচএ/২৩১৫ ঘ.